নারায়ণগঞ্জে ২৪ ঘণ্টায় নমুনা সংগ্রহ ১৬০ জনের, আক্রান্ত ১৫০

করোনাভাইরাসের হটস্পট নারায়ণগঞ্জে গত ২৪ ঘণ্টায় নতুন করে ১৫০ জন করোনা আক্রান্ত রোগী শনাক্ত করা হয়েছে। যা জেলাটিতে একদিনে সর্বোচ্চ আক্রান্তের রেকর্ড। এ নিয়ে শিল্পনগরী নারায়ণগঞ্জে করোনায় আক্রান্ত হয়েছেন মোট ৮৪৯ জন।

গতকাল মঙ্গলবার বিকেলে সরকারের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) ওয়েবসাইট থেকে এসব তথ্য জানা গেছে।

ওয়েবসাইটে প্রকাশিত তথ্য থেকে জানা যায়, ২৮ এপ্রিল সকাল ৮টা পর্যন্ত ঢাকার পরেই পার্শ্ববর্তী জেলা নারায়ণগঞ্জে সর্বাধিক রোগী শনাক্ত হয়েছে।
গতকাল বিকালে একই প্রতিবেদনে নারায়ণগঞ্জে করোনা রোগীর সংখ্যা ছিল ৬৯৯ জন। এছাড়া সকালে জেলাটির স্বাস্থ্য বিভাগের দৈনিক প্রতিবেদন অনুযায়ী, মৃত্যু হয়েছে ৪২ জনের ও সুস্থ হয়েছে ৩০ জন।

গত ৮ মার্চ নারায়ণগঞ্জে প্রথম করোনায় আক্রান্ত ব্যক্তি শনাক্তের ঘোষণা আসে। আর ৩০ মার্চ প্রথম জেলায় করোনা রোগীর মৃত্যু হয়। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

যশোরে আরও ২৬ জনের করোনা শনাক্ত

যশোর জেলায় গত ২৪ ঘণ্টায় আরও ২৬ জনের শরীরে করোনাভাইরাস শনাক্ত হয়েছে।

যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (যবিপ্রবি) জিনোম সেন্টারে জেলার মোট ৮২ জনের নমুনা পরীক্ষা করা হয়, যার মধ্যে ২৬টি নমুনায় কোভিড-১৯ পজেটিভ পাওয়া যায়। এ নিয়ে যশোর জেলায়

মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৭০।

এদিকে একই ল্যাবে গত ২৪ ঘণ্টায় ঝিনাইদহের ৩৩টি, নড়াইলের ৬টি এবং মাগুরার ৯টি নমুনা পরীক্ষা করা হয়। এগুলোর ফলাফল নেগেটিভ এসেছে।

দেশে করোনায় আরও ৩ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ৫৪৯

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৩ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়াল ১৫৫ জনে।

এই সময়ের মধ্যে নতুন করে আক্রান্ত হয়েছেন ৫৪৯ জন। এ নিয়ে সর্বমোট আক্রান্ত ৬ হাজার ৪৬২ জন।

এছড়া গত ২৪ ঘণ্টায় ৮ জনসহ মোট সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১৩৯ জন।

মঙ্গলবার বিকালে স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত সংবাদ ব্রিফিংয়ে এসব তথ্য তুলে ধরেন অধিদফতরটির অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

দেশে করোনায় আরও ৭ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ৪৯৭

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৭ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়াল ১৫২ জনে।

২৪ ঘন্টায় নতুন নমুনা পরীক্ষা করা হয়েছে ৩৮১২জনের, একই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন ৪৯৭ জন। এ নিয়ে সর্বমোট আক্রান্ত ৫ হাজার ৯১৩ জন। সোমবার বিকালে স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত সংবাদ

ব্রিফিংয়ে এসব তথ্য তুলে ধরেন অধিদফতরটির অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

মা ও ৩ সন্তানকে গলা কেটে হত্যা: মূলহোতা পারভেজ গ্রেফতার

গাজীপুরের শ্রীপুর উপজেলায় প্রবাসীর স্ত্রী ও তিন সন্তানকে গলা কেটে হত্যার ঘটনায় মূলহোতা পারভেজকে (২০) গ্রেফতার করেছে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)।

রোববার দিবাগত রাতে উপজেলার আবদার এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতার পারভেজ শ্রীপুর উপজেলার আবদার গ্রামের কাজিম উদ্দিনের ছেলে।

পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশনের (পিবিআই) ইন্সপেক্টর হাফিজুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, পারভেজকে শ্রীপুরের আবদার এলাকা থেকে গ্রেফতার করা হয়। জিজ্ঞাসাবাদে পারভেজ হত্যাকাণ্ডের কথা স্বীকার করেছেন।

পরে স্বীকারোক্তির ভিত্তিতে তার ঘর থেকে রক্তমাখা কাপড়, মাটির নিচ থেকে মোবাইল ফোন, পায়জামার পকেট থেকে তিনটি গলার চেইন, কানের দুল ও লুট করা স্বর্ণালঙ্কার উদ্ধার করা হয়। এ ঘটনায় তার সঙ্গে কয়েকজন অংশ নিয়েছিলেন।

বিস্তারিত পরে সংবাদ সম্মেলন করে জানানো হবে বলে জানান তিনি।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার বিকালে গাজীপুরের শ্রীপুর উপজেলার জৈনাবাজার এলাকার একটি বাড়ি থেকে মা, দুই মেয়ে ও এক ছেলের গলাকাটা লাশ উদ্ধার করে পুলিশ।

বুধবার দিবাগত রাতের কোনো একসময় দুর্বৃত্তরা চারজনকে গলা কেটে হত্যা করে।

নিহতরা হলেন- আবদার এলাকার প্রবাসী রেদোয়ান হোসেন কাজলের স্ত্রী ইন্দোনেশিয়ান নাগরিক স্মৃতি আক্তার ফাতেমা (৪৫), তার বড় মেয়ে সাবরিনা সুলতানা নূরা (১৬), ছোট মেয়ে হাওরিন হাওয়া (১২) ও প্রতিবন্ধী ছেলে ফাদিল (৮)। সূত্র-যুগান্তর

কুষ্টিয়ায় চিকিৎসকসহ ৪ করোনা রোগী শনাক্ত

কুষ্টিয়ার মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এক নারী চিকিৎসকসহ ৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এর মধ্যে দৌলতপুর উপজেলার ৩ জন রয়েছেন।

এবারই কুষ্টিয়ার ২৫০ শয্যা হাসপাতালে পিসিআর ল্যাব স্থাপনের পর প্রথমবারের মতো চারজন করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়েছেন।

এ নিয়ে জেলায় মোট ৮ জন করোনা ভাইরাসে আক্রান্ত রোগী রয়েছেন বলে জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ এএইচ আনোয়ারুল ইসলাম।

তিনি জানান, রোববার (২৬ এপ্রিল) বিকাল পর্যন্ত মোট ৬০টি নমুনা পরীক্ষা হয়। এরমধ্যে কুষ্টিয়ার মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এক চিকিৎসকসহ মোট ৪ জনের শরীরে করোনা পজেটিভ শনাক্ত হয়েছে।

এরআগে এক চিকিৎসকসহ মোট ৪ জন করোনায় সংক্রমিত হয়। এতে করে কুষ্টিয়ায় করোনা সংক্রমিতের সংখ্যা দাঁড়ালো ৮ জনে। এরমধ্যে গত এক সপ্তাহে ঢাকা থেকে করোনা পজেটিভ নিয়ে ৩ জন কুষ্টিয়ায় আসেন। তাদের দুইজনকে কুষ্টিয়ার ২৫০ শয্যার হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে রাখা হয়।

একজনকে শনিবার উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠনো হয়।

দেশে করোনায় আরও ৯ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ৩০৯

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৯ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়াল ১৪০ জনে।

গত ২৪ ঘন্টায় নতুন নমুনা পরীক্ষা করা হয়েছে ৩৩৩৭ জনের। একই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন ৩০৯ জন, এ নিয়ে সর্বমোট আক্রান্ত চার হাজার ৯৮৯ জন।

শনিবার বিকালে স্বাস্থ্য অধিদফতরের নিয়মিত সংবাদ ব্রিফিংয়ে এসব তথ্য তুলে ধরেন অধিদফতরটির অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

জরুরি সেবায় অফিস খুলছে আগামীকাল রোববার

করোনাভাইরাস পরিস্থিতিতে সাধারণ ছুটিতে জরুরি সেবার সঙ্গে সংশ্লিষ্ট সব সরকারি অফিস সীমিত পরিসরে আগামীকাল রোববার থেকে খোলা রাখা হচ্ছে।

তবে এবার অন্যান্য জরুরি সেবার পাশাপাশি ১৮টি মন্ত্রণালয় ও বিভাগের কার্যক্রম ঢাকা ও সারা দেশে সীমিত পর্যায়ে খোলা থাকবে। এ ছাড়া ওষুধশিল্প, উৎপাদন ও রপ্তানিসহ সব কলকারখানা কর্তৃপক্ষ শ্রমিকদের নিরাপত্তা ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করে চালু রাখতে পারবে।

মন্ত্রণালয় ও বিভাগ খোলা রাখার আগের নির্দেশনা প্রত্যাহার করে নতুন করে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। প্রায় এক মাস বন্ধ থাকার পর আগামী কাল সচিবালয়ে অফিস করবে সরকারি কর্মকর্তা ও কর্মচারীরা।

আজ শনিবার জনপ্রশাসন মন্ত্রণালয়ের সচিব শেখ ইউসুফ হারুন ফোনে ইনকিলাবকে এ তথ্য জানান। জনপ্রশাসন সচিব বলেন, আগামী কাল রোববার জরুরি সেবায় নিয়োজিত অফিস গুলো সীমিত আকারে খুলবে। প্রথমে ১৮ মন্ত্রণালয় ও বিভাগ সীমিত পরিসেও খোলা থাকবে এমন একটা প্রজ্ঞাপন জারি করা হয়েছ।

এখন নির্দেশনা হলো, যেসব মন্ত্রণালয় বা বিভাগ জরুরি পরিষেবা ও কাজের সঙ্গে সম্পৃক্ত সেই সব মন্ত্রণালয় ও সীমিত আকারে খোলা রাখতে পারবে। সচিব বলেন, সাধারণ ছুটিকালীন ঢাকাসহ সব বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে এসব মন্ত্রণালয় ও বিভাগ এবং এর অধীন দপ্তরগুলো সীমিত পরিসেও খোলা রাখতে বলা হয়েছে।

বৃহস্পতিবার এ বিষয়ে দুটি পৃথক প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। এতে বলা হয় সাধারণ ছুটিকালীন ঢাকাসহ সব বিভাগ এবং জেলা ও উপজেলা পর্যায়ে ১৮টি মন্ত্রণালয় ও বিভাগ খোলা থাকবে।

এই অফিসগুলো হলো, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, কৃষি, বাণিজ্য, খাদ্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, তথ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, নৌপরিবহন, সমাজকল্যাণ, মহিলা ও শিশু বিষয়ক এবং মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়।

দেশজুড়ে করোনাভাইরাস মোকাবিলা এবং এর বিস্তার রোধে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে গত ২৬ মার্চ থেকে দেশে সাধারণ ছুটি চলছে। সর্বশেষ সরকার সেই ছুটি আগামী ৫ মে পর্যন্ত বাড়িয়েছে সরকার।

মুজিবনগরে লকডাউনে থাকা সেই পরিবারের মাঝে খাদ্য সামগ্রী পৌছায়ে দিলো ইউপি সদস্য

মেহেরপুরের মুজিবনগরে লকডাউনে থাকা জিবন ইসলাম নামের সেই অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী পৌছায়ে দিয়ে আসলেন ইউপি সদস্য শংকর বিশ্বাস।

গতকাল বৃহস্পতিবার বিকালে মুজিবনগরে লকডাউনে থাকা জিবন ইসলামের পরিবার অভুক্ত শিরোনামে মেহেরপুর প্রতিদিন পত্রিকায় এমন নিউজ প্রকাশ হওয়ায় ঐ দিন সন্ধায় ইউপি সদস্য তার বাসায় যেয়ে খাদ্য সামগ্রী পৌছায়ে দিয়ে আসে।

এছাড়া লকডাউনে থাকা পরিবার গুলোর খাদ্য শেষ হয়ে গেলে পুনরায় জানানোর জন্য বলে আসা হয়।

ইউপি সদস্য শংকর বিশ্বাস জানান, লকডাউনে থাকা অসহায় সকলের বাসায় খাদ্য সামগ্রী দিয়ে আসার জন্য গ্রাম পুলিশ পাঠানো হয়। যে কোন ভাবে ঐ পরিবারটি বাদ পরে গিয়েছে। তবে বিকালে মেহেরপুর প্রতিদিনে নিউজ দেখার পর আমার নিজ উদ্যেগে আপাতত কিছু খাদ্য সামগ্রী দিয়ে আসি।

প্রসঙ্গত, ব্র্যাকের এক যক্ষাকর্মী করোনা ভাইরাস আক্রান্ত হওয়ায় তার ভাড়াবাড়িসহ আশেপাশের ৬টি বাড়ি বুধবার সকালে লকডাউন করে প্রশাসন।

দেশে আরো ৭ জনের প্রাণ গেল করোনায়

করোনাভাইরাসের সংক্রমণে দেশে গত ২৪ ঘণ্টায় নতুন করে ৭ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়াল ১২৭ জনে।

আজ বৃহস্পতিবার (২৩ এপ্রিল) স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত স্বাস্থ্য বুলেটিনে এসব তথ্য জানানো হয়। স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক স্বপন ব্রিফিংয়ে যুক্ত হয়ে এ তথ্য জানান।

গতকালের ব্রিফিংয়ে ১০ জনের মৃত্যুর খবর দেওয়া হয়। মৃতদের মধ্যে পুরুষ ৭ জন, নারী ৩ জন ছিলেন। এদের মধ্যে ঢাকার ভেতরে ৭ জন এবং বাকি ৩ জনের বাড়ি ময়মনসিং, টাঙ্গাইল এবং নারায়ণগঞ্জ। বয়সের বিশ্লেষণে তাদের মধ্যে ষাটোর্ধ্ব ৩ জন, ৫১-৬০ বছরের মধ্যে ২ জন, ৪১-৫০ বছরের মধ্যে ৩ জন এবং ২১-৩০ বছরের মধ্যে ছিলেন ২ জন।

দেশে নভেল করোনাভাইরাসে (কভিড-১৯) সংক্রমিত প্রথম রোগী শনাক্ত হয় গত ৮ মার্চ। পরে ১৮ মার্চ করোনাভাইরাসে আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়।